

## SMS এর মাধ্যমে কলেজে ভর্তির আবেদন করার পদ্ধতি

➤ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে আবেদন করা যাবে। মোবাইলের Message অপশনে গিয়ে CAD<space> ভর্তিচ্ছু কলেজের EIIN<space> ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর <space> এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন <space> ভর্তিচ্ছু শিফটের নাম <space> ভার্শন <space> কোটার নাম লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**উদাহরণঃ** CAD 696954 S DHA 123456 2013 M B FQ (এখানে 696954- ভর্তিচ্ছু কলেজের EIIN, S - ভর্তিচ্ছু গ্রুপের নামের প্রথম অক্ষর, DHA- এসএসসি/সমমান পরীক্ষা পাসের বোর্ডের নামের প্রথম তিন অক্ষর, 123456- আবেদনকারীর এসএসসি/সমমান পরীক্ষা পাসের রোল নম্বর, 2013- এসএসসি/সমমান পরীক্ষা পাসের সন, M- শিফটের নামের প্রথম অক্ষর, B- ভার্শন এর প্রথম অক্ষর, FQ- মুক্তিযোদ্ধা কোটা )।

**ভর্তিচ্ছু গ্রুপের ক্ষেত্রেঃ** Science এর জন্য S, Humanities এর জন্য H, Business Studies এর জন্য B, Home Economics এর জন্য E, Islamic Studies এর জন্য I লিখতে হবে।

**শিফটের ক্ষেত্রেঃ** Morning এর জন্য M, Day এর জন্য D, Evening এর জন্য E এবং আবেদনকৃত কলেজের যদি কোন শিফট না থাকে তবে N লিখতে হবে।

**ভার্শনের ক্ষেত্রে :** বাংলা ভার্শনের ক্ষেত্রে B, English Version এর জন্য E লিখতে হবে।

**কোটার ক্ষেত্রেঃ** মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ এবং শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়ের অধস্তন দপ্তরসমূহ, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী এবং প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র সদস্যদের সন্তানদের কোটার জন্য EQ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত বিশেষ কোটার জন্য SQ লিখতে হবে। কোন শিক্ষার্থী একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উল্লেখ করতে হবে। যেমন- কোন শিক্ষার্থী মুক্তিযোদ্ধা এবং বিশেষ কোটায় আবেদনের যোগ্যতা থাকলে তাকে কোটার জন্য FQ,SQ লিখতে হবে। উল্লিখিত কোটার আওতাধীন না হলে কোটার অপশনে কিছু লেখার প্রয়োজন নেই।

কোন প্রতিষ্ঠানে একই সাথে স্কুল ও কলেজ শাখা চালু থাকলে ঐ প্রতিষ্ঠান হতে এসএসসি পাসকৃত শিক্ষার্থী কলেজ কর্তৃক নিজস্ব শিক্ষার্থীদের জন্য নির্ধারিত যোগ্যতা থাকা সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানে ভর্তির জন্য এসএমএস-এর মাধ্যমে আবেদন করতে পারবে।

- ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, কলেজের EIIN ও নাম, গ্রুপের নাম এবং শিফটসহ ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি PIN (Personal Identification Number) প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে Message অপশনে গিয়ে CAD<space>Yes<space>PIN<space>Contact Number (নিজের ব্যবহৃত যে কোন মোবাইল নম্বর) লিখে Send করবেন 16222 নম্বরে।
- একজন আবেদনকারী একাধিক কলেজে/ একই কলেজে একাধিক গ্রুপে/ একই কলেজে একাধিক শিফটে আলাদাভাবে আবেদন করতে পারবে, তবে প্রতিক্ষেত্রেই ফি বাবদ ১২০/- (একশত বিশ) টাকা কেটে নেওয়া হবে।
- SMS এর মাধ্যমে ভর্তির আবেদন ১৮/০৫/২০১৩ তারিখ থেকে ০৬/০৬/২০১৩ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত গ্রহণ করা হবে।
- পুনর্নিরীক্ষণের মাধ্যমে যাদের ফল পরিবর্তন হবে তাদের আবেদনপত্র গ্রহণের তারিখ ১০/০৬/২০১৩। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের মেধাক্রম ১৬/০৬/২০১৩ তারিখে SMS, স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানের নোটিশ বোর্ড/ওয়েবসাইট, www.educationboard.gov.bd এবং ঢাকা বোর্ডের নিজস্ব ওয়েবসাইট (www.dhakaeducationboard.gov.bd) এর মাধ্যমে জানানো হবে। ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমে মন্ত্রণালয় ও বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসরণ করা হবে।